

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৭৬

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-আ'রাফ

بَابُّ: وَمِنْ سُورَةِ الْأَعْرَافِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْد، حَدَّثَنَا أَبُو نُعَيْم، حَدَّثَنَا هِشَامُ بْنُ سَعْد، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِي مَنْ أَبِي هُرَيْرَة، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لَمَّا خَلَقَ اللَّهُ آدَمَ مَسَحَ ظُهْرَهُ فَسَقَطَ مِنْ ظَهْرِهِ كُلُّ نَسَمَة هُوَ خَالِقُهَا مِنْ ذُرِيَّتِهِ إِلَى يَوْمِ الْقِيَامَةِ وَجَعَلَ بَيْنَ عَيْنَيْ كُلِّ إِنْسَانِ مِنْهُمْ وَبِيصًا مِنْ نُورٍ ثُمَّ عَرَضَهُمْ عَلَى آدَمَ فَقَالَ أَىْ رَبِّ مَنْ هَوُلاَءِ قَالَ هَوُلاَءِ ذَلِيَّتُكَ فَرَأًى رَجُلاً مِنْهُمْ فَأَعْجَبَهُ وَبِيصُ مَا بَيْنَ عَيْنَيْهِ فَقَالَ أَىْ رَبِّ مَنْ هَذَا فَقَالَ هَوُلاَءِ ذُرِيَّتُكَ فَرَأًى رَجُلاً مِنْهُمْ فَأَعْجَبَهُ وَبِيصُ مَا بَيْنَ عَيْنَيْهِ فَقَالَ أَىْ رَبِّ مَنْ هَذَا فَقَالَ هَوَالَ مَنْ أَدُم مِنْ ذُرِيَّتِكَ يُقَالُ لَهُ دَاوُدُ . فَقَالَ رَبِّ كَمْ جَعَلْتَ عُمْرَهُ قَالَ سَيِّينَ سَنَةً قَالَ أَقْضَى عُمْرُ آدَمَ جَاءَهُ مَلَكُ سَتِينَ سَنَةً قَالَ أَوْلَمْ تُعْطِهَا ابْنَكَ دَاوُدَ قَالَ فَجَدَد الْمُوْتِ فَقَالَ أَوْلَمْ تُعْطِهَا ابْنَكَ دَاوُدَ قَالَ فَجَحَدَ الْمُوْتِ فَقَالَ أَوْلَمْ تُعْطِهَا ابْنَكَ دَاوُدَ قَالَ فَجَحَد الْمُو وَيَعْمَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيّ عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيّ عَلَيْنَ الله عليه وسلم .

#### বাংলা

৩০৭৬. আবদ ইবন হুমায়দ (রহঃ) ...... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসুলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ্ তা'আলা যখন আদম সৃষ্টি করলেন তখন তাঁর পিঠে হাত বুলালেন। এতে তাঁর যে সব সন্তান-সন্ততি কিয়ামত পর্যন্ত আল্লাহ্ তা'আলা সৃষ্টি করবেন সব প্রাণই তাঁর পিঠ থেকে বের হয়ে এল। প্রত্যেকটি মানুষের দু'চোখের মাঝে জ্যোতির ঔজ্জ্বল্য প্রকাশ করলেন। এরপর তাদের আদম (আঃ)-এর সামনে পেশ করলন। তিনি বললেনঃ হে পরওয়ারদিগার এরা কারা? আল্লাহ্ বললেনঃ এরা তোমার বংশধর।



আদম (আঃ) এদের আরো একজনকে দেখলেন। তার দু'চোখের মাঝের উজ্জ্বলতায় তিনি বিস্মিত হলেন। তিনি বললেনঃ হে আমার রব! এইটি কে? আল্লাহ্ বললেনঃ এ হলো তোমার সন্তানদের শেষের দিকের উম্মতদের একজন। তার নাম দাউদ। আদম (আঃ) বললেনঃ হে আমার রব! তার বয়স কত নির্ধারণ করেছেন?

আল্লাহ্ বললেনঃ ষাট বছর।

আদম (আঃ) বললেনঃ হে আমার রব! আমার বয়স থেকে চল্লিশ বছর একে দিয়ে দিন।

পরে আদমের বয়স শেষ হলে মৃত্যুর ফিরিশতা তাঁর জান কবয করতে এলেন। আদম (আঃ) বললেনঃ আমার বয়স থেকে তো এখনও চল্লিশ বছর বাকী।

মৃত্যুর ফিরিশতা বললেনঃ আপনি তো তা আপনারবংশধরর দাউদকে দিয়েছিলেন।

আদম (আঃ) অস্বীকার করলেন ফলে তার বংশধররাও অস্বীকার করে; আদম ভূলে যান তাঁর সন্তানরাও ভূলে যায়; আদম ভূল করেন তাঁর সন্তানরাও ভূল করে।

সহীহ, আয যিলাল ২০৬, তাখরিজুত তাহাবীয়া ২২০, ২২১, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৭৬ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান-সহীহ। আবূ হুরায়রা ... নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে একাধিক সূত্রে এটি বর্ণিত আছে।

# **English**

#### Narrated Abu Hurairah:

that the Messenger of Allah (ﷺ) said: "When Allah created Adam He wiped his back and every person that He created among his offspring until the Day of Resurrection fell out of his back. He placed a ray of light between the eyes of every person. Then He showed them to Adam and he said: 'O Lord! Who are these people?' He said: 'These are your offspring.' He saw one of them whose ray between his eyes amazed him, so he said: 'O Lord! Who is this?' He said: 'This is a man from the latter nations of your offspring called Dawud.' He said: 'Lord! How long did You make his lifespan?' He said: 'Sixty years.' He said: 'O Lord! Add forty years from my life to his.' So at the end of Adam's life, the Angel of death of came to him, and he said: 'Do I not have forty years remaining?' He said: 'Did you not give them to your son Dawud?'" He said: "Adam denied, so his offspring denied, and Adam forgot and his offspring forgot, and Adam sinned, so his offspring sinned."



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন